

মাননীয়,
মুখ্য বাস্তকার (যান্ত্রিক-তড়িৎ), দক্ষিণাঞ্চল,
জনস্বাস্থ্য কারিগরী অধিদপ্তর,
নব মহাকরণ ভবন, কলকাতা।

বিষয় : দপ্তরে কর্মরত ১৫২ জন সাব-এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার তথা জুনিয়ার ইঞ্জিনিয়ারদের সম্প্রতি প্রকাশিত
বদলীর আদেশনামা প্রসঙ্গে।

উল্লেখ্য : দপ্তরের স্মারক নং ৪৭০০/৫/সি/২০১৪, তারিখ ০২.০৫.২০১৭।

মহাশয়,

সম্প্রতি দপ্তর প্রকাশিত উল্লেখিত বদলীর আদেশনামার মাধ্যমে নিশ্চিতভাবেই একটা বড় অংশের কর্মরত সাব-এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার তথা জুনিয়ার ইঞ্জিনিয়ারদের সুবিধা হয়েছে। একই সঙ্গে সমিতির প্রতিনিধিদের আলোচনা অনুযায়ী সারা বছর ধরে দফায় দফায় ছোট ছোট বদলীর আদেশনামা সংশ্লিষ্ট মহলে উত্তেজনা, আশঙ্কা ও ভীতির উদ্বেগ ঘটায় যার প্রভাব তাদের কাজের মধ্যে প্রতিফলিত হয়ে থাকে, তাই বাৎসরিক একটি নৈমিত্তিক বদলীর আদেশনামা প্রকাশের মধ্যে দিয়ে সমস্যা সমাধানের এই উদ্যোগকে আমরা স্বাগত জানাই। সেকারণে প্রথমেই আপনার পক্ষ থেকে গৃহীত উদ্যোগকে অভিনন্দন জানাচ্ছি এবং একই সঙ্গে এই আদেশনামার কিছু অসঙ্গতির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

এই আদেশনামা প্রকাশের পূর্বে আপনার সঙ্গে আমাদের সমিতির প্রতিনিধিদের আলোচনায় এটা প্রতিভাত হয়েছিল যে, বর্তমান শূন্যপদজনিত সমস্যাকে বিবেচনায় রেখে স্বল্পসংখ্যক এস.এ.ই. তথা জে.ই.-র বদলীকে এই বছর বিবেচনায় নেওয়া হবে। সেক্ষেত্রে প্রত্যাশিত ছিল যে, এই আদেশনামায় তিন বছরাধিককাল কর্মরতদের ধরে ৭০ থেকে ৭৫ জনের মতো একটি আদেশনামা প্রকাশিত হবে। কিন্তু আমরা লক্ষ্য করলাম এই আদেশনামায় ছয় মাস থেকে দুই বছরের নিচে কর্মরত বেশ কিছু এস.এ.ই. তথা জে.ই.-র নাম অন্তর্ভুক্তি ঘটেছে। ফলে বদলীর তালিকাটি বড় হওয়া সত্ত্বেও তিন বৎসরাধিককাল ধরে একই স্থানে থেকে যাওয়া কর্মরতদের একাংশ বদলীর সুযোগ থেকে বঞ্চিত হয়েছেন।

অপরদিকে লক্ষণীয় যে, বদলীর আওতাভুক্ত বেশিরভাগ কর্মচারীদের একই জেলার মধ্যেই বদলী করে রাখার চেষ্টা হয়েছে এবং মহিলা কর্মচারীদের একজন বাদে সকলকেই সাবডিভিশন বা ডিভিশন অফিসে বদলী করা হয়েছে। ব্যতিক্রমীভাবে এই একজন মহিলা কর্মচারীকে (১২৮নং ক্রমিক) কেনই বা কল্যাণী থেকে সুদূর কৃষ্ণনগরের ব্লকে বদলী করা হলো তা আমাদের বোধগম্য হয়নি। কর্মরত জেলা থেকে দুরবর্তী জেলায় বদলী যারা হয়েছেন তাদের দুই-চারজনের ক্ষেত্রে নিশ্চিতভাবেই সুবিধা হয়েছে, কিন্তু এদের একাংশের (প্রায় দশ-বারোজন) দুরবর্তী জেলায় বদলী বা জেলার একপ্রান্ত থেকে সুদূর অপরপ্রান্তে বদলীর কারণে তারা যে সমস্যার মধ্যে পড়েছেন তার সমাধানে আপনার ব্যক্তিগত হস্তক্ষেপ আমরা সংগঠনের পক্ষ থেকে প্রত্যাশা করি। ইতিমধ্যে সমস্যাক্রান্তরা বদলীর আদেশনামা পুনর্বিবেচনার জন্য আপনার নিকট আবেদন করেছেন। নতুন নিয়োগ প্রক্রিয়া শুরু পূর্বেই বদলী জনিত সমস্যাগুলি সমাধান হওয়া জরুরী বলে আমরা মনে করি।

সমগ্র বিষয়গুলি আপনার বিবেচনা ও সহৃদয় হস্তক্ষেপের মধ্য দিয়ে সমাধান হবে এই প্রত্যাশা রাখি।

ধন্যবাদান্তে,

সংযুক্তি : বদলী পুনর্বিবেচনার জন্য একটি তালিকা।

ভবদীয়,

শ্রীযুক্ত পদ্ম
২৫/৫/১৭

।। সাধারণ সম্পাদক ।।